

# ଓবাদিয়া

১ ওবাদিয়ার দর্শন।

প্রভু পরমেশ্বর এদোমের বিষয়ে একথা বলছেন :

আমরা প্রভুর কাছ থেকে এই বাণী পেয়েছি,

দেশগুলোর কাছে এক দৃত প্রেরিত হয়েছে :

‘ওঠ ! এসো, আমরা এই জাতির বিরণে যুদ্ধে নামি।’

## প্রভুর বাণী

২ দেখ, আমি তোমাকে দেশগুলোর মধ্যে ক্ষুদ্রতমই করেছি,

তুমি নিতান্ত অবজ্ঞার পাত্র।

৩ হে তুমি, শৈলশিরার মধ্যে যার বাস,

তুমি যে উচ্চস্থানগুলিকে নিজের আবাস কর,

তোমার হৃদয়ের স্পর্ধা তোমাকে ভ্রষ্ট করেছে ;

তুমি মনে মনে বলছ,

‘কে আমাকে মাটিতে নামিয়ে দেবে ?’

৪ যদিও তুমি ইগলের মত উর্ধ্বে গিয়ে ওঠ,

যদিও তারানক্ষত্রের মধ্যে নিজের বাসা বাঁধ,

তবু আমি তোমাকে সেখান থেকে নামিয়ে আনব—প্রভুর উক্তি।

৫ তোমার কাছে যদি চোরেরা আসত,

কিংবা রাত্রিকালে যদি দস্যুরা আসত,

—আহা, তোমার কেমন সর্বনাশ হত !—

তবে তারা কি কেবল তাদের প্রয়োজনমতই চুরি করত ?

যারা আঙুর সংগ্রহ করে, যদি তারা তোমার কাছে আসত,

তারা কি কিছুটা ফল রেখে যেত না ?

৬ আহা, এসৌয়ের সম্পত্তি কেমন লুট করা হয়েছে !

তার গুপ্ত ধন কেমন উৎপাটন করা হয়েছে !

৭ তোমার সঙ্গে সন্ধিবন্ধ যারা,

তারা সকলে তোমার সীমানা পর্যন্তই তোমার পিছু পিছু ধাওয়া করেছে ;

তোমার মিত্র যারা,

তারাও প্রবঞ্চনা করে তোমার উপরে জয়ী হয়েছে ;

তোমার সঙ্গে রঞ্জি ভাগ করে খেত যারা,

তারা তোমার পায়ে ফাঁদ পেতেছে :

না, এদোমের বিচারবোধ নেই !

৮ সেইদিন আমি কি এদোমের জ্ঞানবানদের উচ্ছেদ করব না ?

—প্রভুর উক্তি—

আমি কি এসৌয়ের পর্বত থেকে সুবুদ্ধি নিশ্চিহ্ন করব না ?  
৯ হে তেমান, তোমার বীরযোদ্ধারা বিহ্বল হবে,  
এসৌয়ের পর্বত থেকে সকল মানুষ উচ্ছিন্ন হবে ।

### এদোমের দোষ

সেই হত্যাকাণ্ডের জন্য,  
১০ তোমার ভাই যাকোবের প্রতি সাধিত অত্যাচারের জন্য  
লজ্জা তোমাকে আচ্ছন্ন করবে,  
তুমি চিরকালের মত উচ্ছিন্ন হবে ।

১১ কারণ যেদিন ভিন্নদেশীরা তার সম্পত্তি লুট করে নিছিল,  
যেদিন বিজাতীয়রা তার নগরদ্বারে প্রবেশ করছিল  
ও যেরূপালেমের উপরে গুলিবাঁট করছিল,  
সেদিন তুমিও সেখানে উপস্থিত ছিলে,  
এমনকি তাদের একজনেরই মত ব্যবহার করলে !

১২ তোমার ভাইয়ের দিনে, তার ভীষণ দুর্দশার দিনে  
তার দিকে আনন্দের সঙ্গে চোখ নিবন্ধ রেখো না ;  
যুদ্ধ-সন্তানদের সর্বনাশের দিনে  
তাদের দশায় আনন্দ করো না ;  
তাদের সঞ্চক্ষের দিনে বড়াই করে কথা বলো না !

১৩ আমার আপন জনগণের দুর্বিপাকের দিনে  
তাদের নগরদ্বারে প্রবেশ করো না ;  
তাদের দুর্বিপাকের দিনে  
তাদের অমঙ্গলের দিকে আনন্দিত মনে তাকিয়ো না ;  
তাদের দুর্বিপাকের দিনে  
তাদের সম্পত্তির দিকে হাত বাঢ়িয়ো না ।

১৪ তাদের পলাতকদের বধ করার জন্য  
চৌরাস্তায় ওত পেতে থেকো না ;  
তাদের সঞ্চক্ষের দিনে,  
তাদের রেহাই পাওয়া লোকদের শক্রহাতে তুলে দিয়ো না ।

১৫ কারণ সকল দেশের বিরুদ্ধে প্রভুর দিন কাছে এসে গেছে ।  
তুমি যেমন করেছ, তোমার প্রতিও তেমনি করা হবে ;  
তোমার কুকর্ম তোমারই মাথায় নেমে পড়বে ।

### প্রভুর দিন হবে ইস্রায়েলের জন্য প্রতিশোধ নেওয়ার দিন

১৬ কেননা তোমরা যেমন আমার পবিত্র পর্বতে পান করেছ,  
তেমনি সকল দেশ নিরন্তর পান করবে,

পান করতে করতে গিলে ফেলবে,  
কিন্তু তারা অজাতের মত হবে ।

১৭ যারা রেহাই পেয়েছে, তারাই সিয়োন পর্বতে আশ্রয় পায়,  
তাতে সিয়োন পর্বত আবার পবিত্র হয়ে ওঠে,  
এবং যাকোবকুল আপন অপহারকদের কাছ থেকে  
নিজের অধিকার ফিরে পাবে ।

১৮ তখন যাকোবকুল হবে আগুন,  
যোসেফকুল হবে অগ্নিশিখা,  
এসৌকুল হবে খড়কুটোর মত ;  
নিজেদের মধ্যে ওরা আগুন ধরিয়ে তা গ্রাস করবে ;  
ফলে এসৌকুলে কেউ রক্ষা পাবে না,  
কারণ স্বয়ং প্রভু একথা বলেছেন ।

### নব ইস্রায়েল

১৯ নেগেবের লোকেরা এসৌয়ের পর্বত অধিকার করে নেবে,  
সেফেলার লোকেরা ফিলিস্তিনিদের দেশ দখল করবে ;  
তারা এফাইম ও সামারিয়ার ভূমি অধিকার করবে,  
এবং বেঞ্জামিন গিলেয়াদ দখল করবে ।

২০ ইস্রায়েল সন্তানদের এই নির্বাসিত সৈন্যদল  
সারেপ্তা পর্যন্ত কানানীয়দের তাড়িয়ে দেবে,  
এবং যেরূপালেমের যে নির্বাসিত লোকেরা সেফারাদে আছে,  
তারা নেগেবের শহরগুলি অধিকার করে নেবে ।

২১ এসৌয়ের পর্বতের উপরে শাসন করার জন্য  
তারা বিজয়ী হয়ে সিয়োন পর্বতে উঠবে ;  
তখন রাজ্য প্রভুরই হবে ।